

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 02.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে রাজ্যে নতুন চারটে ইএসআই হাসপাতাল তৈরি হবে।
- ২) খরিফ মরশুমে চাষীদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহ আজ শুরু হয়েছে।
- ৩) আলিপুরদুয়ারের ফালাকাটায় পাঁচ বছরের শিশু কন্যাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পরিস্থিতি আজও উত্তপ্ত।
- ৪) উচ্চ মাধ্যমিক পরীক্ষার সঙ্গে যুক্ত শিক্ষক ও শিক্ষাকর্মীরা এবার বিশেষ সাম্মানিক পাবেন।
- ৫) কর্ণাটক ও মধ্যপ্রদেশের বিরুদ্ধে রঞ্জি ট্রফি ম্যাচের জন্য আজ বাংলা দল ঘোষিত হয়েছে।

স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে রাজ্যে চারটি নতুন ই এস আই হাসপাতাল তৈরি করা হবে। উত্তর ২৪ পরগনা, দুই মেদিনীপুর ও দাজিলিঙ্গ ১০০ শয়ার এই হাসপাতালগুলিতে মিলবে অত্যাধুনিক চিকিৎসা পরিষেবা। কেন্দ্রীয় শ্রম মন্ত্রকের পক্ষ থেকে, রাজ্যের কাছে এই মর্মে একটি প্রস্তাব আসে বলে খবর। পরবর্তীতে রাজ্যের

তরফ থেকে সব রকম সাহায্যের আশ্বাস দেওয়া হয়। ই এস আই কর্পোরেশন এ ব্যাপারে নীতিগত সম্মতি জানিয়েছে।

খরিফ মরশুমে চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ আজ শুরু হয়েছে। এজন্য সব জেলাতেই কেন্দ্রীয় স্তরে খোলা হয়েছে ক্রয়কেন্দ্র। স্থায়ী ক্রয়কেন্দ্র ছাড়াও বিভিন্ন এলাকায় গাড়ি পাঠিয়ে ভাষ্যমাণ কেন্দ্রের মাধ্যমেও ধান সংগ্রহ করা হচ্ছে। পাশাপাশি খাদ্য দফতর, গ্রামীণ কৃষি সমবায় সংস্থা ও স্বনির্ভর গোষ্ঠীগুলির মাধ্যমে অস্থায়ী শিবির খুলে চাষিদের কাছ থেকে ধান কিনবে বলে জানিয়েছে। থেকে ধান কেনার পর তা থেকে চাল উৎপাদনের জন্য নথিভুক্ত রাইস মিলগুলির কাছে পাঠিয়ে দেওয়া হবে।

উল্লেখ্য, খাদ্য দফতর এবার ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়েছে।

এদিকে, আমদানি শুল্ক উঠে যাওয়ায় এরাজ্যের চালকল মালিকরা ফের বাংলাদেশে চাল রপ্তানি শুরু করেছেন। সেদেশের নতুন অন্তর্বর্তী সরকার গঠনের পর চালের উপর ২৫ শতাংশ আমদানি শুল্ক ধার্য করা হয়। যার ফলে চালের রপ্তানি পুরোপুরি বন্ধ হয়ে যেতে বসেছিল।

এরপর রাজ্য ও কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপে বাংলাদেশ আমদানি শুল্ক সম্পূর্ণরূপে প্রত্যাহার করে নিয়েছে।

আসন্ন ছটপুজো উপলক্ষ্যে যে কোন ধরনের দৃঘটনা এড়তে রাজ্য সরকার সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহনের নির্দেশ দিয়েছে। মুখ্যসচিব মনোজ পন্থ আজ

নবান্ন থেকে সব জেলার জেলাশাসক, সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে ছটপূজোর প্রস্তুতি নিয়ে বৈঠক করেন। সেখানে তিনি কলকাতার ভৃগলি নদী সহ রাজ্যের বিভিন্ন জলাশয় ঘাটগুলিতে পর্যাপ্ত আলো সহ বিপর্যয় ব্যবস্থাপন দণ্ডরের কর্মীদের মোতায়েন রাখার নির্দেশ দিয়েছেন। স্বান্নের সময় অতিরিক্ত নজরদারির জন্যে জলে বোট রাখার কথা বলা হয়েছে। খুব ভিড় হয় এমন ঘাটগুলিতে নদীতে জোয়ার আসার আগে মাইকিং করে সচেতন করার নির্দেশও দেওয়া হয়েছে।

উল্লেখ্য আগামী সাতই নভেম্বর ছট পূজো পালন করা হবে।

সদস্য সংগ্রহের অভিযানের অঙ্গ হিসেবে বিজেপি রাজ্য সদস্যতা দিবস পালন করবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখ্যপাত্র শ্রমীক ভট্টাচার্য জানিয়েছেন, একই দিনে দলের রাজ্য সভাপতি, বিরোধী দলনেতা, সাংসদ, বিধায়ক সহ সর্বস্তরের নেতা এই সদস্য সংগ্রহ অভিযানে রাজ্যের বিভিন্ন প্রান্তে উপস্থিত থাকবেন। তিনি বলেন, প্রবীণ বিজেপি নেতা অমিত শাহ রাজ্য এক কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা বেঁধে দিয়েছেন। সেই লক্ষ্যমাত্রা অনুযায়ী এবার এক কোটি সদস্য সংগ্রহের কাজ করা হবে। ৫ তারিখের পর থেকে এই সদস্য সংগ্রহের কাজে আরো গতি আসবে। শ্রী ভট্টাচার্য জানান, গতবার সমাজের যেসব ক্ষেত্রে তারা প্রবেশ করতে পারেননি সেখানে বিশেষ অভিযান চালিয়ে সদস্য সংগ্রহ করা হবে। তিনি আরো বলেন, গতবার মাত্র ৫০শতাংশ মহিলা সদস্য পদ গ্রহণ করেছিলেন। এবছর এ পর্যন্ত এই সদস্যতা গ্রহণে মহিলাদের মধ্যে বেশি আগ্রহ দেখা গেছে। এছাড়া সীমান্তবর্তী এলাকা, উদ্বাস্ত এবং সংখ্যালঘু এলাকাতেও সদস্যতা গ্রহণের জন্য মানুষের মধ্যে বেশি মাত্রায় উৎসাহ দেখা গেছে।

আলিপুরদুয়ারের ফালাকাটার জটেশ্বরে মিষ্টি খাওয়ানোর প্রলোভন দেখিয়ে ৫
বছরের শিশু কন্যাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পরিস্থিতি উত্তপ্ত। ন্যায়বিচারের
দাবিতে আজ গ্রামের বাসিন্দারা এথেলবাড়ি থেকে ফালাকাটা যাবার রাস্তা অবরোধ করে
বিক্ষেপ দেখান। উই ওয়ান্ট জাস্টিস স্লোগান তুলে গোটা গ্রাম প্রদক্ষিণ করে রাস্তায়
আগুন জ্বালিয়ে প্রতিবাদ জানান তারা। এলাকায় মোতায়েন রয়েছে বিশাল পুলিশ
বাহিনী। জেলার মাদারিহাটে উপনির্বাচন থাকায় শান্তিশৃঙ্খলা বজায় রাখতে
আধা সামরিক বাহিনীও মোতায়েন রয়েছে।

এদিকে, এই ঘটনায় আরও এক অভিযুক্ত, স্থানীয় বাসিন্দা ভক্ত রায় পুলিশের কাছে
আত্মসমর্পন করেছে।

আগেই জানানো হয়েছে, মেয়েটির বাবা-মার অনুপস্থিতিতে মনা রায় নামে প্রতিবেশী
যুবক, জিলিপি খাওয়ানোর নাম করে ডেকে নিয়ে গিয়ে শিশুটিকে ধর্ষণ ও খুনের
পর পুকুরে ফেলে দেয় বলে অভিযোগ। বিক্ষুন্ধ জনতার পিটুনিতে মৃত্যু হয় মনা রায়ের।

খাবারের লোভ দেখিয়ে বছর নয়ের এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠেছে
প্রতিবেশী এক ব্যক্তির বিরুদ্ধে। মধ্য হলদিবাড়ির ডাহারচৌপথি এলাকায় এই ঘটনাকে
কেন্দ্র করে আজও তীব্র উত্তেজনা ছড়ায়। পুলিশ অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। ফাঁসির
দাবিতে এলাকাবাসী আজ কুমারগ্রাম থানায় ব্যাপক বিক্ষেপ দেখায়।

পুলিশ ও সরকারের ওপর আস্থা হারিয়ে মানুষ আইন নিজের হাতে তুলে নিচেন বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। আজ বিকেলে জলপাইগুড়ির বানারহাট বন্ধের গয়েরকাটায় উপনির্বাচনে বিজেপি প্রার্থীর সমর্থনে এক পদ্যাত্ত্বায় যোগ দিয়ে শুভেন্দু বাবু বলেন, বিজেপি কখনই চায়না কেউ আইন হাতে তুলে নিক। আর জি কর প্রসঙ্গে তিনি বলেন, মুখ্যমন্ত্রী অভিযুক্তদের আড়াল করছেন।

বাইট

মিছিল শেষে একটি পথসভারও আয়োজন করা হয়। মিছিলে পা মেলান আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিঙ্গা, দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা, বিধায়ক শক্তির ঘোষ প্রমুখ।

এদিকে কালিপুজোর রাতে পুরুলিয়ার কাশিপুরে পুলিশের সঙ্গে ত্রণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের গোলমালের প্রতিবাদে আজ বিক্ষেপ মিছিল করেছে বিজেপি।

ফলাকাটার ঘটনা সামাজিক অপরাধ বলে ত্রণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

বাইট

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ এই প্রথম জেলা বিদ্যালয় পরিদর্শক -DI ছাড়াও উচ্চ মাধ্যমিক পরীক্ষার সঙ্গে যুক্ত শিক্ষক ও শিক্ষাকর্মীদের বিশেষ ষাম্মানিক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই পরীক্ষার সঙ্গে যুক্ত ডিআই দের ২০ হাজার, যুগ্ম আহ্বায়কদের আড়াই হাজার, তাদের তত্ত্বাবধানে থাকা ১০ জন শিক্ষক শিক্ষিকাকে মাথাপিছু দেড় হাজার টাকা করে দেওয়া হবে বলে সংসদের তরফে এক নির্দেশিকায় জানানো হয়েছে। এছাড়াও

পরীক্ষা কেন্দ্রের ইনচার্জ ও সেক্রেটারি পাবেন দেড় হাজার, তেন্তু সুপারভাইজার এক হাজার, সংসদের মনোনীত সদস্যকে শাম্মানিক হিসাবে দেওয়া হবে ৬০০ টাকা।

পুরসভায় নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম মূল সাক্ষী সৌমিক চৌধুরীর মৃত্যু হয়েছে। এই মামলায় অভিযুক্ত অয়ন শীলের ঘনিষ্ঠ বন্ধু সৌমিক হন্দরোগে আক্রান্ত হন বলে জানা গেছে। ইডির তদন্তকারী আধিকারিকরা তাকে একাধিকবার জিজ্ঞাসাবাদ করেন। সিবিআইএর জমা দেওয়া চার্জশিটেও সৌমিক চৌধুরীর নাম ছিল।

দক্ষিণ কলকাতার গরফা থানা এলাকার শহীদ নগরে এক মহিলার অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে রহস্য দানা বেঁধেছে। তাঁর সঙ্গী বিকাশ দত্তকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। কলকাতা পুলিশের ডিসি এসএসডি বিদিশা কলিতা জানিয়েছেন, মধুরিমা রায় নামে ঐ মহিলা নিজের বোন ও এক বন্ধুর সঙ্গে মদ্যপান করার পর সিঁড়ি থেকে পড়ে যান। ময়না তদন্তের মৃত্যুর আসল কারণ জানা যাবে বলে পুলিশ জানিয়েছে। পরিবারের পক্ষে কোনো অভিযোগ জানানো হয়নি।

আগামীকাল ভাতৃদ্বিতীয়া। রীতি অনুযায়ী বোনেরা ভাইয়ের কোপালে ফোঁটা দিয়ে তাঁর সুস্থ ও দীর্ঘজীবন কামনা করে। ভাই বোনের সম্পর্ক সুদৃঢ় করার লক্ষ্যেই এই উৎসব। কার্তিক মাসের শুল্কপক্ষের দ্বিতীয়া তিথিতে এই উৎসব হলেও অপ্পল ভিত্তিতে প্রতিপদের সম্ভ্যাতেও এই ফোঁটা দেওয়ার রীতি রয়েছে।

এদিকে কালীপূজার পর কাঁচা বাজার, ফলের দাম আকাশছোয়া হওয়ায় মধ্যবিত্ত চরম অসুবিধায়। সাধ্যমত জিনিসপত্র কতটা কেনা যাবে সেটাই এখন ভাবার বিষয়।

পুজোর সময় থেকেই পুরগ্লিয়ায় পর্যটকদের দেখা মিলছে। তবে কালীপুজোর ছুটিতে পাহাড়ে রীতিমত ভিড় জমান পর্যটকরা। জানা যাচ্ছে নভেম্বর এবং ডিসেম্বর মাসেও প্রচুর এডভান্স বুকিং হয়েছে জেলার পর্যটক আবাসগুলিতে। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

দীপাবলী ও ছট পুজো উপলক্ষ্যে দক্ষিণ পূর্ব রেল আজও সাঁতরাগাছি, শালিমার, দীঘা, টাটানগর, রাঁচি, ভাঙ্গপুর থেকে বিশেষ ট্রেন চালাচ্ছে।

কর্ণাটক ও মধ্য প্রদেশের বিরুদ্ধে রঞ্জি ট্রফি ম্যাচের জন্য আজ বাংলা দল ঘোষণা করা হয়েছে। দলের নেতৃত্ব দেবেন অনুস্টুপ মজুনদার। ব্যঙ্গালুরুতে কর্ণাটকের বিরুদ্ধে ম্যাচ বুধবার শুরু হবে। ১৩ ই নভেম্বর বাংলা, মধ্য প্রদেশের মুখোমুখি হবে। তিন ম্যাচে বাংলার পয়েন্ট পাঁচ।
